প্রথম আলো

15 NOV 2017

# ইংরেজি মাধ্যম স্কুলগুলোর জন্য কিছু নির্দেশনা

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষা প্রশাসনের সঙ্গে যোগাযোগ বাড়ানো, স্কুলবাস চালুসহ ইংরেজি মাধ্যমের বিদ্যালয়গুলোকে কিছু নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম। একই সঙ্গে তিনি স্কুল জোনিংয়ের ওপর গুরুত্বারোপ করে বলেন, প্রতিটি এলাকায় ভালো বিদ্যালয় থাকতে হবে। এটি হলে এক এলাকার শিক্ষার্থী দূরের বিদ্যালয়ে পড়তে যাবে না।

গতকাল মঙ্গলবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) ইংরেজি মাধ্যমের বিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের সঙ্গে অনুষ্ঠিত এক সভায় উপদেষ্টা এই নির্দেশ দেন। সভায় প্রায় ৩০টি ইংরেজি মাধ্যমের বিদ্যালয়ের প্রতিনিধিরা অংশ নেন।

জানতে চাইলে সভায় উপস্থিত মাউশির মহাপরিচালক এস এম ওয়াহিদুজ্জামান *প্রথম আলোকে* বলেন, আগে তো কোনো যোগাযোগই ছিল না। ফলে অনেক তথ্যই জানা হতো না। এখন ওই বিদ্যালয়গুলোকে পরিদর্শনের আওতায় আনা হবে। এ বিষয়ে ইংরেজি মাধ্যম বিদ্যালয়গুলোরও কোনো আপত্তি নেই। প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা বলেছেন, পরে বৃহৎ পরিসরে একটি কর্মশালা করে সার্বিক বিষয় নিয়ে আলোচনা করা হবে।

বৈঠকে উপস্থিত মাউশির একাধিক কর্মকর্তা *প্রথম আলোকে* বলেছেন, বিদ্যালয়গুলোর পক্ষ থেকে বলা হয়েছে, ইংরেজি মাধ্যমের বিদ্যালয়গুলোতে বিভিন্ন জাতীয় দিবস পালন না করা, পতাকা না ওড়ানোসহ কিছু ঢালাও অভিযোগ করা হয়। প্রকৃতপক্ষে এগুলো সত্য নয়। বরং তাঁরা এসব বিষয় ভালোভাবে পালন করেন। ইংরেজি মাধ্যমের পক্ষ থেকে গত জুনে জারি হওয়া 'বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা'র কিছু বিষয় সংশোধনের দাবি করা হয়।

এ বিষয়ে মাউশির মহাপরিচালক বলেন, ভবিষ্যতে যে কর্মশালাটি হবে, সেখানেই এগুলো আলোচনা করে করণীয় ঠিক করা হবে।